বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৪১(২০১৪-১৫)/২০১৭-১৮/ তারিখ ঃ ২২-০৩-২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ মাকবুলুর রহমান, মুখ্য কর্মকর্তা (বাধ্যতামুলক অবসরপ্রাপ্ত), বিকেবি, ঝিনাইগাতী শাখা, শেরপুর ইতিপূর্বে ময়মনসিংহ (দঃ) অঞ্চলাধীন বিকেবি, গয়েশপুর বাজার শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃংখলা সম্পর্কিত ৩৮(ক),(খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দূর্নীতিমূলক অপরাধের জন্য শৃংখলাজনিত বিভাগীয় মামলা নং- ২৮/১৪-১৫ রুজুপূর্বক অত্রবিভাগের ১৫-০২-২০১৫ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৪১/২০১৪-১৫/১৭৩৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি বিচার বিশ্লেষণ পূর্বক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহন করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্রবিভাগের ২৮-১১-২০১৭ ইং তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৪১/২০১৪-১৫/১৮২৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ২৮-১২-২০১৭ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ মাকবুলুর রহমান আপনাকে গুরুদন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করেন;

০৪। এক্ষণে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী ) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ মাকবুলুর রহমান আপনার প্রাপ্য অবসরোত্তর আনুতোষিক সুবিধা হইতে ৭,৬৯,০০০/- (সাত লক্ষ উনসত্তর হাজার) টাকা এককালীন কর্তন করার জন্য আদেশ দিলেন।

০৫। এছাড়াও কতৃপক্ষ আপনি জনাব মোঃ মাকবুলুর রহমান আপনার উপর প্রদত্ত রায় সংশ্লিষ্ট নিম্নোক্ত প্রশাসনিক সিদ্ধান্ত দিলেন;
"রায়ে উল্লেখিত কর্তনযোগ্য টাকা কর্তনের পর বিকেবি, গয়েশপুর বাজার শাখার প্রদেয় খাতে জমা রাখার জন্য নির্দেশ প্রদান করা হলো। অভিযুক্ত জনাব মোঃ মাকবুলুর রহমান এর বিরুদ্ধে প্রমানিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেসগুলোর অনাদায়ী টাকা সম্পূর্নরূপে আদায় হয়ে ঋণ হিসাবসমূহ বন্ধ হয়ে গেলে উক্ত টাকা পরবর্তীতে অভিযুক্তকে ফেরত প্রদানের জন্য, আর যদি আগামী ৩১-১২-২০২২ খ্রিঃ পর্যন্ত উল্লেখিত ঋণ হিসাবগুলো বন্ধ না হয়, তা'হলে উক্ত কর্তনকৃত টাকা বিকেবি, গয়েশপুর বাজার শাখার আয় খাতে জমা করার জন্যও নির্দেশ প্রদান করা হলো"।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

স্বাক্ষরিত
(মোঃ মোশাররফ হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

জনাব মোঃ মাকবুলুর রহমান (এম-১৯০২)
মুখ্য কর্মকর্তা (বাধ্যতামুলক অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝিনাইগাতী শাখা, শেরপুর ।

---

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩২৪১(২০১৪-১৫)/২০১৭-১৮/ ৩৫০৯(৭) তারিখ ঃ ২২-০৩-২০১৮ ইং

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৩. ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০৪. ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ ।
০৫. উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায় ও প্রশাসনিক নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট মুখ্য কর্মকর্তা (বাধ্যতামুলক অবসরপ্রাপ্ত) জনাব মোঃ মাকবুলুর রহমান এর প্রাপ্য অবসরোত্তর আনুতোষিক সুবিধা হইতে ৭,৬৯,০০০/- (সাত লক্ষ উনসত্তর হাজার) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, গয়েশপুর বাজার শাখার প্রদেয় খাতে জমা করিবার সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল ।
০৬. উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ আদেশটি ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল ।
০৭. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা । কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হইল।
০৮. মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (দঃ)।
০৯. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ (দঃ)।
১০. ব্যবস্থাপক, বিকেবি, ঝিনাইগাতী শাখা, শেরপুর । এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব মোঃ মাকবুলুর রহমান, মুখ্য কর্মকর্তা (বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত) এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করত:রশিদটি অত্র বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হইল ।
১১. ব্যবস্থাপক, বিকেবি, গয়েশপুর বাজার শাখা, ময়মনসিংহ (দঃ)। উপরোক্ত রায়ে উল্লেখিত ৭,৬৯,০০০/- (সাত লক্ষ উনসত্তর হাজার) টাকার এ্যাডভাইস প্রাপ্তির পর বিকেবি, গয়েশপুর বাজার শাখার প্রদেয় খাতে জমা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল। এছাড়াও, অভিযুক্ত জনাব মোঃ মাকবুলুর রহমান এর বিরুদ্ধে প্রমানিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেসগুলোর অনাদায়ী টাকা সম্পূর্নরূপে আদায় হইয়া ঋণ হিসাবসমূহ বন্ধ হইয়া গেলে উক্ত টাকা পরবর্তীতে অভিযুক্তকে ফেরত প্রদানের জন্য, আর যদি আগামী ৩১-১২-২০২২ খ্রিঃ পর্যন্ত উল্লেখিত ঋণ হিসাবগুলো বন্ধ না হয়, তাহাহইলে উক্ত কর্তনকৃত টাকা বিকেবি, গয়েশপুর বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হইল । (প্রমানিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ গ্রহীতাদের তালিকা সংযুক্ত)
১২. নথি/মহানথি।

২২.৩.১৮
(মোঃ ওবায়েদ উল্লাহ)
সহকারী মহাব্যবস্থাপক

C:\Users\HP\Desktop\Badal 2018\Badal Personnel announcement\Personnel Announcement - Punishment.docx